REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 04-11-2026
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Vayo Samman Rashtriya Abhiyan :

কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রক প্রবীণ নাগরিকদের অভিজ্ঞতা, প্রজ্ঞা এবং অবদানকে সম্মান জানানোর পাশাপাশি আন্তঃপ্রজন্ম সংহতি সুদৃঢ় করতে আজ নতুন দিল্লিতে ‘বয়ঃ সম্মান রাষ্ট্রীয় অভিযান’ চালু করবে। কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রী বীরেন্দ্র কুমার আনুষ্ঠানিকভাবে এই প্রচার অভিযানের সূচনা করবেন।

****

Nomination :

রাজ্যের ২১টি পুর সংস্থার নির্বাচনে মনোনয়ন পত্র জমা করার আজ চতুর্থ দিন। গতকাল পর্যন্ত বিভিন্ন দলের ২৯১ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। এর মধ্যে সিপিআই(এম)-এর ২২৪, কংগ্রেসের ৫২, বিজেপির ২ এবং অন্যান্য দলের ১৩ জন রয়েছেন। এর মধ্যে উদয়পুরে ৪০ জন, আগরতলায় ৩৪ জন ও ধর্মনগরে ৩১ জন মনোনয়নপত্র জমা দিয়েছেন। অন্যদিকে কমলপুর, শান্তিরবাজার, রানিরবাজার ও জিরানিয়ায় এখনও কোনও মনোনয়নপত্র জমা পড়েনি।

****

BJP CANDIDATE LIST :

বিজেপি প্রদেশ কমিটির পক্ষ থেকে আসন্ন নগর ভোটের জন্য চারটি পুরসভার প্রার্থী তালিকা প্রকাশ করা হয়েছে। গতকাল দলের প্রদেশ সভাপতির স্বাক্ষরিত তালিকায় মোট ৬২ জন প্রার্থীর নাম চুড়ান্ত হয়েছে। খোয়াই, তেলিয়ামুড়া, কুমারঘাট ও কৈলাসহর পুর পরিষদের জন্য নির্ধারিত আসন অনুসারে দল এই তালিকা চূড়ান্ত করেছে।

****

PM-CRPF :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন, গত ৪৭ বছরের মধ্যে প্রথমবারের মতো টানা ১২ মাস সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স কোনো ধরনের অপারেশনাল ক্যাজুয়াল্টি বা অভিযানে সদস্য প্রাণহানি ছাড়াই অতিক্রম করেছে। গতকাল সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী লিখেছেন, ‘‘a zero that speaks volumes’’ । গত এক বছরে দেশের কোনো প্রান্তেই এই আধা-সামরিক বাহিনীর অভিযানে কোনো সদস্য প্রাণ হারাননি |

****

Ashabari-BSF :

সিপাহিজলা জেলার বক্সনগরের আশাবাড়িতে বিএসএফ জওয়ানদের উপর হামলার ঘটনায় তিন মহিলা-সহ ১০ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। গত সোমবারের এই ঘটনায় কোম্পানি কমান্ডার-সহ তিন বিএসএফ জওয়ান আহত

হন। ধৃতদের গতকাল সোনামুড়া আদালতে পেশ করা হলে তিন মহিলাকে চার দিনের জেল হেফাজত এবং বাকি সাতজনকে চার দিনের পুলিশ হেফাজতে পাঠানোর নির্দেশ দেওয়া হয়। এদিকে, বিএসএফের ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি প্রিন্সিরানি ও সিপাহিজলার পুলিশ সুপার বিজয় দেববর্মা ঘটনাস্থল পরিদর্শন করেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা এই হামলার নিন্দা জানিয়ে দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছেন।

****

DRDO-TEST FIRE :

ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন ওড়িশা উপকূলের চান্দিপুরে অবস্থিত ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ থেকে দেশীয় প্রযুক্তিতে তৈরি প্রলয় কোয়াসি-ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা সম্পন্ন করেছে। গত সোমবার লঞ্চ কমপ্লেক্স-থ্রি থেকে ক্ষেপণাস্ত্রটি উৎক্ষেপণ করা হয়। প্রায় ৫০০ কিলোমিটার দূরে থাকা দু`টি লক্ষ্যবস্তুতে সফলভাবে আঘাত হানে এই ক্ষেপণাস্ত্র। প্রলয় ক্ষেপণাস্ত্রটি বিভিন্ন ধরণের যুদ্ধ সামগ্রী বহনে সক্ষম এবং এর আঘাত হানার পরিসীমা প্রায় ৫০০ কিলোমিটার পর্যন্ত।

****

Birsha Munda :

আগামী ১৫ই নভেম্বর খোয়াইয়ের চা বাগান হাইস্কুল মাঠে জেলাভিত্তিক ভগবান বিরসা মুন্ডার জন্মজয়ন্তী উদযাপন করা হবে। খোয়াই জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর জানিয়েছে, এই উপলক্ষে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বসে

আঁকো প্রতিযোগিতা, সাঁওতাল ও অন্যান্য শিল্পীদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং খেলাধুলার আয়োজন করা হবে। অনুষ্ঠানে বিভিন্ন দপ্তর ও স্ব-সহায়ক দলের স্টল খোলা হবে।

****

Union MOS -Gomati VISIT :

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ প্রতিমন্ত্রী রামনাথ ঠাকুর আজ গোমতী জেলা সফর করবেন। সফরকালে তিনি 'খেত বাঁচাও অভিযান'-এ অংশ নেবেন। এর আগে 'পূর্বোত্তর সম্পূরক সেতু' কর্মসূচির অধীনে জেলার বিভিন্ন প্রশাসনিক দপ্তরের আধিকারিকদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করবেন তিনি। কেন্দ্রীয় সরকারের কৃষি উন্নয়ন প্রকল্পগুলির কাজ এবং বরাদ্দ অর্থের সঠিক ব্যবহার খতিয়ে দেখবেন কেন্দ্রীয় মন্ত্রী।

****

School Education :

বিদ্যালয়ে পড়ুয়াদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষা দপ্তরের আধিকারিকরা বিদ্যালয় পরিদর্শনের পাশাপাশি পড়ুয়াদের খোঁজখবর নিতে বাড়িতে যাওয়া শুরু করেছেন। বিদ্যালয় শিক্ষা দপ্তর সূত্রে গতকাল জানা গেছে, পরিদর্শনকালে আধিকারিকরা বিদ্যালয়ের পঠন-পাঠনের মানসহ বিভিন্ন বিষয় খতিয়ে দেখছেন| পরিদর্শনের অন্যতম গুরুত্বপূর্ণ দিক হল অনিয়মিত পড়ুয়াদের বিদ্যালয়ে ফিরিয়ে আনা।

****

Ranji Trophy :

রঞ্জি ট্রফির চারদিনের ক্রিকেট ম্যাচে সৌরাষ্ট্রের বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিয়েছে ত্রিপুরা। আগরতলার এমবিবি স্টেডিয়ামে গতকাল দ্বিতীয় দিনের খেলায় ত্রিপুরা প্রথম ইনিংসে ২৬৮ রান করে। জবাবে সৌরাষ্ট্র মাত্র ১১৮ রানে অলআউট হয়ে যায়। ১৫০ রানের লিড নিয়ে দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে দিনের শেষে ত্রিপুরা ৪ উইকেট হারিয়ে ৫৪ রান সংগ্রহ করেছে।

****

Weather :

আজ আকাশ আংশিক মেঘলা থাকতে পারে৷ ভোরের দিকে হালকা কুয়াশা ছিল৷আগরতলায় আবহাওয়া দপ্তরের পূর্বাভাসে বলা হয়েছে, দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। সকাল সাড়ে ৫টায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.২ ডিগ্রী সেলসিয়াস।

****

****